# বাংলাদেশ কৃষি ব্যাংক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;
www.krishibank.org.bd


নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-২/১৬(১)(৭)/২০২৩-২০২৪/১৪১৩

তারিখ: ০৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অতীব জরুরী

সকল মহাব্যবস্থাপক (অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজসহ);
সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রধান কার্যালয়/কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়;
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক;
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা;
সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

## বিষয়: গৃহ নির্মাণ অগ্রিম (জমি ক্রয়) এর সদ্ব্যবহার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হল।

০২। ব্যাংকের পরিচালনা পর্ষদের ৮২৭তম সভার অনুমোদনক্রমে প্রশাসনিক পরিপত্র নম্বর ০৪/২০২৩, তারিখ: ২০-০৩-২০২৩ খ্রিষ্টাব্দের মাধ্যমে ‘‘বাংলাদেশ কৃষি ব্যাংক গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০২৩’’ জারি করা হয়। উক্ত নীতিমালার উপ-অনুচ্ছেদ নম্বর ১০.১২ এ সদ্ব্যবহার প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ নির্দেশনা রয়েছে।

“অগ্রিম যে উদ্দেশ্যে মঞ্জুর করা হইয়াছে, তাহা যথাযথ ব্যবহার নিশ্চিত করিয়া উত্তোলন-পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে সদ্ব্যবহার প্রতিবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্র ব্যাংকে জমা দিতে হইবে। নিয়ন্ত্রণবহির্ভূত কারণ ছাড়া যদি কেহ এই নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলিত কিস্তির অর্থ মঞ্জুরীপত্রের শর্তানুসারে সদ্ব্যবহার করিতে ব্যর্থ হন, তবে মেয়াদোত্তীর্ণ হইবার পর ০৩ (তিন) মাসের মধ্যে পুঞ্জীভূত সুদসহ অগ্রিমের সমুদয় অর্থ ব্যাংকের নিকট ফেরত দিতে বাধ্য থাকিবে। ব্যর্থতায় মেয়াদোত্তীর্ণ হইবার পরের দিন হইতে সমুদয় অগ্রিমের উপর ব্যাংক রেটের দ্বিগুণ হার এবং প্রচলিত সাধারণ ঋণের সুদের হার এই দুইয়ের মধ্যে যাহা কম হইবে, সেই হারে সুদ আরোপ করা হইবে। এইরূপ অগ্রিম গ্রহীতাকে ভবিষ্যতে আর কোনো গৃহ নির্মাণ অগ্রিম প্রদান করা হইবে না।”

০৩। গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালায় উপরোক্ত নির্দেশনা থাকা সত্ত্বেও জমি ক্রয় খাতে অগ্রিম গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীগণ অধিকাংশ ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে সদ্ব্যবহার করে প্রয়োজনীয় প্রমাণাদিসহ ব্যাংক-কে অবহিত না করার প্রবণতা লক্ষ্য করা যায়।

০৪। এমতাবস্থায়, আপনার (যদি থাকে) এবং আপনার অধীনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম (জমি ক্রয়) এর সদ্ব্যবহার প্রতিবেদন সংশ্লিষ্ট নথি সংরক্ষণকারী কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

অনুমোদনক্রমে-

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-২/১৬(১)(৭)/২০২৩-২০২৪/১৪১৩(৫)

তারিখ: ০৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
৪. নথি/মহানথি।

১৯.১২.২০২৩

(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক